# ২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক সামষ্টিক মূল্যায়নের বিষয়ভিত্তিক নির্দেশনা

## বিষয়: জীবন ও জীবিকা

## শ্রেণি: ষষ্ঠ

**(ক) প্রশ্ন প্রণয়নের ক্ষেত্রে লক্ষণীয়**

- বার্ষিক মূল্যায়নের জন্য নির্ধারিত সিলেবাসের ভিত্তিতে প্রশ্ন প্রণয়ন করতে হবে; প্রতিটি অভিজ্ঞতা থেকে প্রশ্ন থাকতে হবে।
- বিষয়ভিত্তিক নির্দেশনায় উল্লিখিত মানবন্টন ও ধরন অনুসরণ করে প্রশ্ন প্রণয়ন করতে হবে।
- **বহুনির্বাচনি প্রশ্নের ক্ষেত্রে** সরাসরি পাঠ্যপুস্তক থেকে লাইন উল্লেখ করে প্রশ্ন দেওয়া যাবেনা। এমন প্রশ্ন করতে হবে যেন উত্তর দেওয়ার ক্ষেত্রে শিক্ষার্থীকে চিন্তা করতে হয়। তবে অপশনের ক্ষেত্রে একটিই সঠিক উত্তর থাকবে, একের অধিক উত্তর রাখা যাবে না।
- কোনো প্রশ্নে **'না' বোধক উত্তর চাওয়া হলে** সেটির ক্ষেত্রে উল্লিখিত শব্দটি গাঢ় (বোল্ড) এবং নিচে দাগ (আন্ডারলাইন) করে দিতে হবে, যাতে শিক্ষার্থীর নজর এড়িয়ে না যায় (যেমন, কোনটি **পরিত্যাজ্য,** কোনটি **নয়**, ইত্যাদি ক্ষেত্রে)
- **এক কথায় উত্তরের ক্ষেত্রে** প্রশ্নটি এমনভাবে করতে হবে, যেন এক বা দুই শব্দে শিক্ষার্থী উত্তর প্রদান করতে পারে (জ্ঞানমূলক বা তথ্যনির্ভর প্রশ্ন হতে পারে)।
- **সংক্ষিপ্ত প্রশ্নগুলোর ক্ষেত্রেও** লক্ষ রাখতে হবে যেন উত্তর সংক্ষিপ্ত হয় এবং সকল শিক্ষার্থী প্রায় একই ধরনের উত্তর প্রদান করে এমন প্রশ্ন হতে হবে (জ্ঞানমূলক ও অনুধাবনমূলক, যেমন- … … … কী, উদাহরণ দাও, ইত্যাদি)।
- দুই ধরনের রচনামূলক প্রশ্ন করতে হবে- দৃশ্যপটবিহীন এবং দৃশ্যপটনির্ভর। **দৃশ্যপটবিহীন প্রশ্নগুলো** এমনভাবে করতে হবে যেন পাঠ্যপুস্তকে সন্নিবেশিত ব্যাখ্যা ও উদাহরণের আলোকে শিক্ষার্থী উত্তর প্রদান করতে পারে।
- **দৃশ্যপটনির্ভর প্রশ্ন** করতে হবে- শিক্ষার্থী ইতোপূর্বে পাঠ্যপুস্তকে সন্নিবেশিত যেসব অভিজ্ঞতা সম্পন্ন করেছে, তার আলোকে। অর্থাৎ পাঠ্যপুস্তকে সন্নিবেশিত কার্যক্রমের মাধ্যমে অর্জিত অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে শিক্ষার্থীকে উত্তর দিবে, তবে উদাহরণের পুনরাবৃত্তি হবে না, সম্পূর্ণ নতুন পরিস্থিতি বা ভিন্নধর্মী প্রেক্ষিত হতে হবে।

**(খ) বার্ষিক পরীক্ষার পাঠ্যক্রম/সিলেবাস**

| ক্রমিক নম্বর | অভিজ্ঞতার নাম | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ০১ | আগামীর স্বপ্ন | ৪৪-৫৮ |
| ০২ | আর্থিক ভাবনা | ৫৯-৭৮ |
| ০৩ | আমার জীবন আমার লক্ষ্য | ৭৯-৯৬ |
| ০৪ | দশে মিলি করি কাজ | ৯৭-১১২ |
| ০৫ | স্কিল কোর্স ২; চারা রোপণ ও তার পরিচর্চা | ১৩৩-১৪৩ |

**(গ) মূল্যায়ন কাঠামো**

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% | ৭০% |

### (ঘ) শিখনকালীন মূল্যায়ন

| আইটেমের নাম (Iteam type) | নির্ধারিত নম্বর/ওয়েটেজ | নির্দেশনা |
|---|---|---|
| অ্যাসাইনমেন্ট/ব্যাবহারিক কাজ (Assignment/Practical)<br>**নমুনা:**<br>• অ্যাসাইনমেন্ট: পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ৫৬, ৭২, ১০৮, ১১০ তে দেওয়া একক কাজ<br>• ব্যাবহারিক কাজ: পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ১০৫, ১০৬, ১০৭ তে দেওয়া কাজ | ১০ | শিক্ষক প্রতিটি ক্যাটাগরিতে উল্লিখিত নমুনা কাজগুলো থেকে এক বা একাধিক কাজ শিখনকালীন মূল্যায়নের জন্য বেছে নিতে পারেন। অথবা নিজেদের সুযোগ সুবিধা অনুযায়ী সবকটি কাজও সম্পন্ন করতে পারেন। তবে সেক্ষেত্রে ক্যাটাগরি অনুযায়ী নির্ধারিত সবগুলো কাজের গড় নম্বরকে ৩০ নম্বরের মধ্যে উল্লেখ করা যেতে পারে। |
| অনুসন্ধানমূলক কাজ/প্রকল্প/প্রতিবেদন উপস্থাপন (inquisitive work, project proposal, report presentation)<br>**নমুনা:**<br>• প্রকল্প/প্রজেক্ট: পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ৭৩ তে দেওয়া কাজ<br>• অনুসন্ধানমূলক কাজ: পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ৬৩, ৮৮ তে দেওয়া একক কাজ<br>• প্রতিবেদন উপস্থাপন পৃষ্ঠা ১৪৩ তে দেওয়া কাজ | ১০ | |
| শ্রেণির কাজ<br>• পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফ্লোচার্ট অংকন ইত্যাদি | ১০ | |

### (ঙ) সামষ্টিক মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন

| বিভাগ | আইটেমের নাম | | প্রশ্নপত্রে মোট প্রশ্নের সংখ্যা | উত্তর দিতে হবে | প্রতি প্রশ্নে নম্বর | মোট নম্বর | সময় |
|---|---|---|---|---|---|---|---|
| ক | নৈর্ব্যত্তিক প্রশ্ন | বহুনির্বাচনি প্রশ্ন | ১৫ টি | ১৫ টি | ১ | ১×১৫=১৫ | ৩ ঘন্টা |
| | | এক কথায় উত্তর প্রশ্ন | ১০ টি | ১০ টি | ১ | ১×১০=১০ | |
| খ | সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন | | ১০ টি | ১০ টি | ২ | ২×১০=২০ | |
| গ | রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন) | | ৫ টি | ৩ টি | ৫ | ৫×৩=১৫ | |
| ঘ | রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর) প্রতিটি দৃশ্যপটের বিপরীতে দুটি অংশ থাকবে | | ৭ টি | ৫ টি | (৪+৪)=৮ | ৮×৫=৪০ | |
| | | | | | মোট | ১০০ | |

*১০০ নম্বরের মধ্যে শিক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে ৭০% এ কনভার্ট করা হবে।

**(চ) এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না।**

# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন ২০২৪

বিষয়: জীবন ও জীবিকা

শ্রেণি: ষষ্ঠ

পূর্ণমান: ১০০ ; সময়: ৩ ঘন্টা

---

## ক বিভাগ: নৈর্ব্যক্তিক

বহু নির্বাচনী প্রশ্ন: সঠিক উত্তর চিহ্নিত করে খাতায় লিখ (১-১৫ পর্যন্ত)। **১×১৫=১৫**

১। কোনো কাজের মাধ্যমে অর্থ উপার্জন করাকে আমরা কী বলে থাকি?

(ক) আয় (খ) ব্যয়

(গ) সঞ্চয় (ঘ) মিতব্যয়ীতা

২। নিচের কোনটি শিক্ষার্থীর আয়ের উৎস?

(ক) বেড়াতে যাওয়া (খ) উপহারের টাকা

(গ) খাবার ক্রয় (ঘ) উপহার ক্রয়

৩। লিখিত যোগাযোগ মাধ্যম কোনটি?

(ক) টেলিফোন (খ) চোখের ইশারা

(গ) ম্যাগাজিন (ঘ) রেডিও

৪। যোগাযোগ প্রক্রিয়ায় প্রয়োজন হয়-

(ক) প্রেরক (খ) গ্রাহক

(গ) মাধ্যম (ঘ) সবগুলো

৫। নিচের কোনটি সঞ্চয়ের সূত্র?

(ক) সঞ্চয় = আয়- ব্যয় (খ) সঞ্চয় = আয়+ব্যয়

(গ) সঞ্চয় = ব্যয়-আয় (ঘ) আয় >ব্যয়

৬। আর্থিক ডায়েরিতে কি থাকে না?

(ক) আয় (খ) ব্যয়

(গ) পরিকল্পনা (ঘ) উদ্বৃত্ত

৭। নিচের কোন কাজটি বিলাসিতা?

(ক) প্রয়োজনীয় খাতা-পেন্সিল কেনা (খ) টিফিন ক্রয়

(গ) পড়ার বই কেনা (ঘ) পারফিউম ক্রয়

৮। কোন খাতে ইকো ট্যুরিজম বিপুল সম্ভাবনা রয়েছে?

(ক) সেবা খাতে
(খ) পর্যটন খাতে
(গ) সমুদ্র খাতে
(ঘ) শিল্প খাতে

৯। কার্যকর তথ্য প্রাপ্তির জন্য প্রাপককে শুরুতেই কী করতে হবে?

(ক) প্রশ্ন করতে হবে
(খ) মনোযোগ দিয়ে শুনতে হবে
(গ) সমালোচনা করতে হবে
(ঘ) আত্মবিশ্বাস নিয়ে কথা বলতে হবে

১০। নিচের কোনটি লক্ষ্য নির্বাচনে বিবেচনা করা আবশ্যক নয়?

(ক) সুনির্দিষ্ট কিনা
(খ) অর্জনযোগ্য কিনা
(গ) লাভজনক নয়
(ঘ) সময়ের মধ্যে পূরণ হবে কিনা

১১। চালকবিহীন গাড়ি আবিষ্কারের ফলে-

(ক) বেকারত্ব কমবে
(খ) বেকারত্ব বাড়বে
(গ) মানুষ আরো বাঁচবে
(ঘ) নতুন প্রশিক্ষণ কেন্দ্র চালু

১২। ভয়েস টেকনোলজির কাজ **নয়** কোনটি?

(ক) মানুষের আদেশে যোগাযোগ করতে পারবে
(খ) প্রযুক্তি ব্যবহারকারীর কণ্ঠস্বর চিনতে পারবে
(গ) ফোনকে বিভিন্ন কাজ করতে নির্দেশ দিতে পারবে
(ঘ) ফোন ব্যবহারকারীর নিরাপত্তা নিশ্চিত করতে পারবে

১৩। থ্রিডি প্রিন্টার হলো-

(ক) ত্রিমাত্রিক মডেল তৈরির প্রযুক্তি
(খ) ভয়েস রিকগনিশন প্রযুক্তি
(গ) ব্যক্তির উপস্থিতি চিহ্নিত করার প্রযুক্তি
(ঘ) কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তি

১৪। লক্ষ্য নির্ধারনের ক্ষেত্রে প্রযোজ্য **নয়** কোনটি?

(ক) লক্ষ্য সুনির্দিষ্ট হবে
(খ) বিকল্প লক্ষ্য নির্ধারণ করতে হবে
(গ) লক্ষ্য অর্জনযোগ্য হবে
(ঘ) সময়াবদ্ধ হবে

১৫। পরিকল্পনা হলো-

(ক) কাজের নকশা
(খ) কাজের নির্দেশনা
(গ) কাজের নিয়ন্ত্রণ
(ঘ) কাজের সমন্বয়

এক কথায় উত্তর প্রশ্ন: প্রতিটি প্রশ্নের উত্তর দাও। ১×১০=১০

১৬। কোন ধরনের কার্ড ব্যবহার করে যেকোনো স্থান থেকে ব্যাংকে জমানো টাকা তোলা যায়?
১৭। কম্পোষ্ট কোন ধরনের সার?
১৮। চ্যারিটি ফাউন্ডেশন কী ধরনের প্রতিষ্ঠান?
১৯। চারা রোপণ করার জন্য উপযুক্ত মাটি কোনটি?

২০। একজন শিক্ষার্থী সর্বনিম্ন কত টাকা জমা করে ব্যাংকে সঞ্চয় হিসাব খুলতে পারবে?
২১। কাকেইবো এর অর্থ কী?
২২। ILO এর নীতিমালা অনুসারে শ্রমিকের দৈনিক শ্রমঘন্টা কত?
২৩। মৌসুমী ফুলের জন্য কি ধরনের টব নির্বাচন করতে হয়?
২৪। পাত্র/টবের মাটিতে প্রতিমাসে কয়বার সার দিতে হয়?
২৫। জমানো টাকা কোথায় রাখা অধিক নিরাপদ?

## খ বিভাগ : সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন

নিচের প্রশ্নগুলোর উত্তর দাও। প্রতিটি প্রশ্নের মান ২। **২×১০=২০**

১) সঞ্চয় বলতে কী বুঝ? উদাহরণ দাও।

২) স্কুল ব্যাংকিং হিসাবের ৪ টি সুবিধা লিখ।

৩) আর্থিক পরিকল্পনা বলতে কী বুঝ?

৪) কার্যকর যোগাযোগের ৪ টি উপায় লিখ।

৫) স্কুল ব্যাকিং এর হিসাব খোলার ফরমে কত জন স্বাক্ষর করেন এবং কে কে?

৬) দীর্ঘমেয়াদি পরিকল্পনা বলতে কী বুঝায়?

৭) মঙ্গল এক্সপ্রেস কী?

৮) যোগাযোগ দক্ষতা বলতে কী বুঝ?

৯) বায়োমেট্রিক প্রযুক্তি কী?

১০) পরিকল্পনা বলতে কী বুঝ?

## গ বিভাগ : রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন)

নিচের প্রশ্নগুলো থেকে যেকোনো ৩ টির উত্তর দাও। প্রতিটি প্রশ্নের মান ৫। **৫×৩=১৫**

১। 'সঞ্চয় আমাদের বিপদের বন্ধু' এই উক্তিটির মাধ্যমে সঞ্চয়ের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো।

২। কার্যকর যোগাযোগের বলতে কী বুঝ? এর উপায়গুলো বর্ণনা করো।

৩। তোমার পছন্দ বা শখ অনুযায়ী কোনো কিছু কেনার জন্য একটি আর্থিক পরিকল্পনা প্রণয়ন করো ।

৪। ... ... ...

৫। ... ... ...

## ঘ বিভাগ : রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর)

দৃশ্যপটের আলোকে সন্নিবেশিত প্রশ্নগুলোর যেকোনো ৫টির উত্তর দাও। প্রতিটি প্রশ্নে দুটি করে অংশ রয়েছে। প্রতি প্রশ্নের মান (৪+৪)=৮ । ৮(৪+৪))×৫=৪০

১। মনে করো, এখন বর্ষাকাল। তোমার বাড়িতে আলো বাতাসপূর্ণ একটি আঙ্গিনা রয়েছে। উক্ত আঙ্গিনায় তুমি একটি চারাগাছ রোপন করতে চাও। সেক্ষেত্রে তোমাকে অনেকগুলো কাজ সম্পাদন করতে হবে, যাতে উক্ত চারাগুলো সুষ্ঠু পরিচর্যার মাধ্যমে সুন্দরভাবে টিকে থাকে এবং বেড়ে উঠে।

(ক) চারা নির্বাচনের ক্ষেত্রে তুমি কোন কোন বিষয়গুলো বিবেচনায় রাখবে, তা বর্ণনা করো।
(খ) চারা রোপনের জন্য তুমি কীভাবে মাটি অথবা টব প্রস্তুত করবে, তা ধারাবাহিকভাবে বর্ণনা করো ।

২। ধরে নাও, তোমাদের প্রতিষ্ঠানে বেশ কিছু সমস্যা খুঁজে পেয়েছে। যেমন, নিজেদের শ্রেণিকক্ষে নিরাপদ পানি পান করার ব্যবস্থা নেই, একক বা দলগত কাজ উপস্থাপনের জন্য পোস্টার বা অন্য কিছু ডিসপ্লে ব্যবস্থা নেই, শ্রেণিতে অধিকাংশ শিক্ষার্থী দুর্বল হওয়ায় পড়াশোনায় পিছিয়ে থাকে। এই সমস্যাগুলো তোমাদের নিয়মিত শ্রেণি কার্যক্রমকে নানাভাবে ব্যাহত করছে।

(ক) উল্লিখিত সমস্যাগুলো থেকে সমাধানের জন্য যেকোনো একটি সমস্যা বেছে নাও এবং কেন সেটি বেছে নিয়েছ, তা ব্যাখ্যা করো।
(খ) উক্ত সমস্যা সমাধানে জন্য কী কী পদক্ষেপ নেওয়া যেতে পারে, তা ধারাবাহিকভাবে উল্লেখ করো।

৩। একটি ক্যামেরা ক্রয় করার শখ তোমার অনেক দিনের। তোমার ইচ্ছা তুমি ভবিষ্যতে ফটোগ্রাফার হবে। একটি সাধারণ মানের একটি ক্যামেরার দাম ১৫০০০ টাকা। তোমার কাছে জমানো আছে ৩০০০ টাকা। যা তুমি জমিয়েছো টিফিনের টাকা, রিকশা ভাড়া, বিভিন্ন উৎসবে পাওয়া সেলামী থেকে। অবশিষ্ট টাকা সংগ্রহ করা প্রয়োজন।

(ক) ক্যামেরাটি ক্রয় করার জন্য আর্থিক পরিকল্পনার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো।

(খ) ক্যামেরাটি ক্রয় করার জন্য তোমার আর্থিক পরিকল্পনার ধাপগুলো একটি ফ্লোচার্ট এঁকে বর্ণনা করো।

৪। তুমি একজন মানবিক ডাক্তার হতে চাও। দেশের দরিদ্র মানুষের সেবায় নিজের মেধা ও মননকে কাজে লাগাতে চাও। তোমার এই স্বপ্ন পূরণে আছে অদম্য আগ্রহ । তোমার এই লক্ষ্য পূরণে বিভিন্ন মেয়াদি পরিকল্পনা থাকা প্রয়োজন।

(ক) তোমার জীবনের লক্ষ্য পূরণে তুমি কী কী করতে চাও তা আলোচনা করো।
(খ) তোমার লক্ষ্য পূরণের জন্য একটি দীর্ঘমেয়াদি, মধ্যমেয়াদি, স্বল্পমেয়াদি পরিকণ্পনা প্রণয়ন করো।

৫। দীর্ঘ ছুটির পর রফিকদের বিদ্যালয়ে এসে তারা দেখতে পায় পুরো বিদ্যালয়টি প্রচুর ময়লা আবর্জনায় ভর্তি এবং ফুলের বাগানটি আগাছায় ভরে গেছে। এ অবস্থা দেখে শিক্ষার্থীরা সিদ্ধান্ত নিল বিদ্যালয়ের চারপাশ, আঙ্গিনা এবং বাগানটি পরিষ্কার করবে।

(ক) কাজটি করার জন্য রফিকরা সম্ভাব্য কী পরিকল্পনা গ্রহণ করতে পারে, উক্ত প্রেক্ষাপটের আলোকে পরামর্শ দাও।

(খ) উক্ত কাজটি করার মধ্য দিয়ে শিক্ষার্থীদের মধ্যে কোন দক্ষতাটি অর্জিত হয়েছে? এই দক্ষতা ভবিষ্যতে তাদের কী কাজে আসতে পারে, ব্যাখ্যা করো।

৬। ... ... ...

৭। ... ... ...

(ছ) নমুনা প্রশ্নের আলোকে উত্তর

**বহুনির্বাচনী প্রশ্নের (MCQ) এর উত্তর**

| প্রশ্ন নং | উত্তর | প্রশ্ন নং | উত্তর | প্রশ্ন নং | উত্তর |
|---|---|---|---|---|---|
| ০১ | ক | ০৬ | গ | ১১ | খ |
| ০২ | খ | ০৭ | ঘ | ১২ | ঘ |
| ০৩ | গ | ০৮ | খ | ১৩ | ক |
| ০৪ | ঘ | ০৯ | খ | ১৪ | খ |
| ০৫ | ক | ১০ | গ | ১৫ | ক |

**এক কথায় প্রশ্নের উত্তর**

| প্রশ্ন নং | উত্তর | প্রশ্ন নং | উত্তর |
|---|---|---|---|
| ১৬ | এটিএম কার্ড | ২১ | পারিবারিক আর্থিক খতিয়ান |
| ১৭ | জৈব সার | ২২ | ৪ ঘন্টা |
| ১৮ | দাতব্য প্রতিষ্ঠান | ২৩ | মাঝারি আকৃতির |
| ১৯ | দোআঁশ মাটি | ২৪ | 2/3 বার |
| ২০ | ১০০ টাকা | ২৫ | ব্যাংকে |

দৃশ্যপটনির্ভর প্রশ্নের নম্বর প্রদানের নমুনা রুব্রিক্স

| প্রশ্ন | উত্তরের নম্বর | নম্বর প্রদানের রুব্রিক্স |
|---|---|---|
| ৪। (ক) তোমার জীবনের লক্ষ্য পূরণের জন্য একটি দীর্ঘমেয়াদি, মধ্যমেয়াদি এবং স্বল্প মেয়াদি পরিকল্পনা প্রণয়ন করো। | ৪ | প্রশ্নে উল্লেখিত ৩ টি মেয়াদের পরিকল্পনা প্রণয়ন ও ব্যাখ্যা প্রদান করতে পারলে |
| | ৩ | যেকোনো ২ টি মেয়াদের পরিকল্পনা প্রণয়ন ও ব্যাখ্যা প্রদান করতে পারলে |
| | ২ | যেকোনো ১ টি মেয়াদের পরিকল্পনা প্রণয়ন ও ব্যাখ্যা প্রদান করতে পারলে |
| | ১ | পরিকল্পনার ধারণা প্রদান করতে পারলে |
| | ০ | প্রদত্ত প্রশ্নের সঠিক উত্তর না লিখতে পারলে এবং অপ্রাসঙ্গিক বা ভুল উত্তর লিখলে |